40

দৈনিক ইনকিলাব

তারিখ ...02 FEB 1997 ...
পৃষ্ঠা ১ কলাম 2

## লালমাটিয়া মহিলা কলেজে ছাত্রীদের হামলা ঃ ভাঙচুর মহিলা পুলিশ মোতায়েন

স্টাফ রিপোর্টার ঃ গতকাল দুপুরে লালমাটিয়া মহিলা কলেজের শতাধিক ছাত্রী কলেজের প্রশাসনিক ভবনে হামলা চালিয়ে প্রায় ২০/২৫টি কক্ষ ভাঙচুর-তছনছ,

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## লালমাটিয়া মহিলা কলেজ

প্রথম পৃষ্ঠার পর

প্রিন্সিপালের কক্ষ ঘেরাও ও কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় ছাত্রীদের প্রহারে কলেজের কমপক্ষে ১০ জন কর্মচারী আহত হয়।

পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য গোটা কলেজ এলাকায় মহিলা পুলিশ মোতায়েন করা হয়েছে। ভাঙচুরে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ৫ লক্ষাধিক টাকা বলে কলেজের প্রশাসনিক কর্মকর্তা মোঃ হামিদুল হক একটি মামলা দায়ের করেছে। জানা গেছে, ১৯৯৭ সালের এইচএসসি'র নির্বাচনী পরীক্ষায় কলেজের ৩ শতাধিক ছাত্রী অকৃতকার্য হয়। ফলাফল প্রকাশের পর ছাত্রীদের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে ও অভিভাবক মহল অসন্তোষ প্রকাশ করেন। ছাত্রীরা দাবী করে, তাদের জোর করে ফেল করিয়ে দেয়া হয়েছে। গতকাল দুপুর ১২টায় ছাত্রীরা এই ফলাফল প্রত্যাহার করে পুনরায় ফল প্রকাশের দাবীতে প্রিন্সিপ্যালের কক্ষ ঘেরাও করে এবং ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় কলেজ কর্তৃপক্ষ পূর্বপ্রকাশিত ফলাফলই চূড়ান্ত বলে ঘোষণা করলে ছাত্রীরা উত্তেজিত হয়ে মারমুখী হয়ে উঠে। তারা সামনে যা পায় তাই ভাংচুর করতে থাকে। পরে ছাত্রীদের একটি অংশ প্রশাসনিক ভবনের নীচতলা ও দোতলায় উঠে কক্ষ ভাংচুর শুরু করে। প্রায় ১ ঘন্টা ধরে ভাংচুর চলতে থাকে। পরিস্থিতি বেগতিক দেখে থানায় খবর দেয়া হলে ঘটনাস্থলে মহিলা পুলিশ মোতায়েন করা হয়। পুলিশ দীর্ঘক্ষণ চেষ্টা চালিয়ে পরিস্থিতি আয়ত্তে আনে। পুলিশ ঘটনাস্থল হতে কাউকে গ্রেফতার করেনি। শেষ খবর পাওয়া পর্যন্ত পুলিশ কলেজের চারপাশ ঘীরে রেখেছে।